দৈনিক ইত্তেফাক

54

তারিখ ... ... ...DEC. 16 1999.
পৃষ্ঠা ... কলাম ......

# চাঁপাইনবাবগঞ্জে সাক্ষরতা আন্দোলনে ব্যাপক কর্মসূচী গ্রহণ

মোঃ তসলিমউদ্দিন চাঁপাইনবাবগঞ্জ না, নবাবগঞ্জ ইহার সমাধান না হইলে ও চাঁপাইনবাবগঞ্জ জেলার নিরক্ষর জনগোষ্ঠিকে স্বাক্ষরজ্ঞান সম্পন্ন করিয়া তোলার জন্য বর্তমান সরকারের এই কর্মসূচীকে বাস্তাবায়নের লক্ষ্যে এক ব্যাপক এবং মহতী কর্মসূচী হাতে নেওয়া হইয়াছে। জেলা প্রশাসক নজরুল ইসলামের ঐকান্তিক প্রচেষ্টায় আগামী ২ হাজার সালের ১লা ফেব্রুয়ারী হইতে সাবিক স্বাক্ষরতা আন্দোলন, "আলোকন" চালু করা হইবে।

চাঁপাইনবাবগঞ্জ জেলায় উপজেলার সংখ্যা ৫টি। যথা: শিবগঞ্জ, সদর, গোমস্তাপুর, ভোলাহাট ও নাচোল। জেলায় পৌরসভার সংখ্যা

( ৫ম পৃঃ দ্রঃ)

## চাঁপাই নবাবগঞ্জ স্বাক্ষরতা

( ৩য় পৃঃ পর

৩টি। যথা: চাঁপাইনবাবগঞ্জ, পৌরসভা, শিবগঞ্জ পৌরসভার ও রহনপর পৌরসভা। সাবিক সাক্ষরতা আন্দোলন আলোকনের আওতায় ৪৫টি ইউনিয়নের ১১ হইতে ৪৫ বছরের বয়স্ক নিরক্ষর মানুষের জরিপ কাজ প্রায় শেষের পথে। গণসচেতনতা সৃষ্টির জন্য প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যান, মেম্বার ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গকে লইয়া গণমুখী আন্দোলন গড়িয়া তোলা হইতেছে। সাবিক সাক্ষরতা আন্দোলন বা আলোকনের উদ্দেশ্য ও লক্ষ্য হইতেছে ১১-৪৫ বছর বয়স্ক নিরক্ষরকে স্বাক্ষর করা। এইসব স্বাক্ষরদের অব্যাহত শিক্ষার ব্যবস্থা করা। প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার শতকরা ১০০ ভাগ বৃদ্ধি। কর্মসংস্থান ও ঋণদানের ব্যবস্থা করা। অধিকার সচেতন করা। মা ও শিশু স্বাস্থ্য সে।। সুখী ও সমৃদ্ধিশালী পরিবার গড়ার জন্য পরিবার পরিকল্পনা সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি। মৎস্য, পশু পালন ও বিভিন্ন উন্নত ফসল ফলানো সম্পর্কে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি। পরিবেশ সংরক্ষণে বৃক্ষরোপণ ও পরিচর্যা। স্যানিটেশান ও প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা। কুটির শিল্প সম্প্রসারণ। উপযুক্ত প্রযক্তির তথ্যাদি মাঠ পর্যায়ের নাগরিকদের নিকট পৌছাইয়া দেওয়া, সমবায়ের মাধ্যমে জনগণকে উৎপাদন ব্যবস্থায় সম্পৃক্ত করা প্রভৃতি।

চাঁপাইনবাবগঞ্জ জেলায় স্বাক্ষরতার হার শত করা ৩৭ জন। শতকরা সাক্ষরতার এই লজ্জাজনক হারকে উৎরাণোর জন্যই থানাভিত্তিক জরিপের মাধ্যমে, সাবিক সাক্ষরতা আন্দোলন জোরদার করার ব্যবস্থা নেওয়া হইয়াছে।